

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 21-04-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Garia Puja:

আজ ঐতিহ্যবাহী গড়িয়া পূজা। বাবা গড়িয়া পূজাকে কেন্দ্র করে রাজ্যের সর্বত্র ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়। জনজাতি অধ্যুষিত এলাকা ছাড়াও বাবা গড়িয়া পূজা অনুষ্ঠিত হচ্ছে রাজধানী আগরতলা শহর ও শহরতলীতে। আগরতলার নাজিরপুকুর পূজা কমিটি, প্রভাত চন্দ্র রায় পূজা কমিটি, কেবিসি পূজা কমিটি, প্রগতি প্লে সেন্টার পূজা কমিটি সহ অন্যান্য জায়গায় গড়িয়া পূজার আয়োজন করা হয়েছে।

One Nation One Election-CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সারা দেশে একযোগে নির্বাচন হলে যেমন ব্যয় সাশ্রয় হবে, তেমনি প্রশাসনিক কার্যকারিতাও অনেক বাড়বে। গতকাল আগরতলার সুকান্ত একাডেমিতে বিজেপি লিগ্যাল সেল আয়োজিত "এক দেশ এক নির্বাচন" শীর্ষক এক আলোচনা সভায় একথা বলেন তিনি। এদিন তিনি বিরোধী রাজনৈতিক দলগুলোর সমালোচনা করে বলেন, জনগণের স্বার্থ নয়, বরং নিজেদের স্বার্থকেই তারা অগ্রাধিকার দেয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ।

Finance Minister: Nirmala Sitaraman:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ থেকে মার্কিন যুক্তরাষ্ট্র এবং পেরুতে সরকারি সফরে থাকবেন। সান ফ্রান্সিসকোতে তাঁর দু'দিনের সফরের সময়,

সীতারামণ স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের হভার ইনস্টিটিউশনে একটি মূল বক্তব্য রাখবেন এবং শীর্ষস্থানীয় তহবিল পরিচালন সংস্থাগুলির শীর্ষস্থানীয় সিইওদের সাথে মতবিনিময় করবেন। এছাড়া তিনি শীর্ষস্থানীয় তথ্য প্রযুক্তি সংস্থাগুলির সিইওদের সাথে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। অর্থমন্ত্রী শ্রীমতি সীতারামনের ভারতীয় প্রবাসীদের সমন্বিত একটি ইভেন্টে অংশ নেওয়ার কথা রয়েছে এবং সেখানে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সাথে তিনি মতবিনিময় করবেন।

চলতি মাসের ২২ তারিখ থেকে ওয়াশিংটন সফরকালে অর্থমন্ত্রী, আন্তর্জাতিক মুদ্রা তহবিল ও বিশ্বব্যাংকের বসন্তকালীন বৈঠক ছাড়াও দ্বিতীয় জি-২০ অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর সভা, উন্নয়ন কমিটির প্লেনারি, আইএমএফসির প্লেনারি এবং গ্লোবাল সার্বভৌম ঋণ গোলটেবিল বৈঠকে অংশ নেবেন। আগামী ২৬ তারিখ থেকে পেরু সফরকালে কেন্দ্রীয় মন্ত্রী ভারতের আধিকারিকদের একটি প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন।

US VC President:

মার্কিন ভাইস প্রেসিডেন্টস জেডি ভ্যাগ্ন ভারতে চারদিনের সফরে আজ সকালে নয়াদিল্লি পৌঁছাবেন। তার সঙ্গে থাকবেন মার্কিন সেকেন্ড লেডি উষা ভ্যাগ্ন, তাদের সন্তান এবং মার্কিন প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকরা। এটিই হবে ভাইস প্রেসিডেন্ট ভ্যাগ্নের প্রথম ভারত সফর। আজ সন্ধ্যায় তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করবেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করবেন।

CM:

রাজ্যের কৃষ্টি সংস্কৃতি ঐতিহ্যের মধ্যেই আমাদের বেঁচে থাকতে হবে। তাকে ধরে রাখতে রাজ্য সরকার প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। গতকাল পুরাতন আগরতলার সেনপাড়ায় বাংলা সংস্কৃতি বলয়ের ৭২ তম সাপ্তাহিক সংস্কৃতি হাটে প্রধান অতিথির ভাষণে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, সংস্কৃতি চর্চার মধ্যে নিজের সত্ত্বা কে খুঁজে পাওয়া যায়। বর্তমানে মোবাইল সংস্কৃতির যুগে নিজের ঐতিহ্য, সংস্কৃতি পরিচয় ধরে রাখতে হলে স্ক্রু সংস্কৃতি চর্চা করা প্রয়োজন। রাজ্যে জাতি উপজাতির মিশ্র সংস্কৃতি রয়েছে। আগামী দিনে শুধু রাজ্যে নয় জাতীয় স্তরেও এই ধরনের সংস্কৃতিকে তুলে ধরার প্রয়াস নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানান। মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের হারিয়ে যাওয়া সংস্কৃতি যেমন নাটক, যাত্রা, পুতুল নাচ, কীর্তনকে পুনরুদ্ধারে জন্ম তথ্য সংস্কৃতি দপ্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Ratan Lal Nath:

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ গতকাল লালবাহাদুর ব্যায়ামাগারে প্রধানমন্ত্রী সূর্যঘর মুফত বিজলি যোজনা নিয়ে জনসচেতনতা ও নিবন্ধীকরণ শিবিরের উদ্বোধন

করেন। বিদ্যুৎমন্ত্রী বলেন, সব নাগরিকের বাড়ির ছাদেই সোলার বিদ্যুৎ প্রকল্প স্থাপন করা যায়। প্রতিটি পরিবার সর্বোচ্চ ৩ কিলোওয়াট পর্যন্ত সৌর প্যানেল স্থাপন করতে পারবেন।

Master Cricket:

প্রথমবারের মত গুয়াহাটিতে উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতা গতকাল থেকে শুরু হয়েছে। ত্রিপুরা উদ্বোধনী ম্যাচে ২০৭ রানে সিকিমকে পরাজিত করে। গুয়াহাটির আসাম ক্রিকেট এসোসিয়েশনের ক্রিকেট একাডেমি মাঠে সীমিত ওভারের আসরে প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ৪০ ওভরে ৪ উইকেটে ২৯৪ রান করে। দলের পক্ষে শ্রেষ্ঠাংশু দেব অনবদ্য ১৩৭ রান করে। জবাবে সিকিম ২৬ ওভার ৫ বল-এ ৮৭ রানে সবাই আউট হয়ে যায়।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সন্নে এবং ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আজ তাপমাত্রা সর্বোচ্চ ৩৪.২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে ৫ টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১৪ দশমিক ৫ মিলিমিটার।
